

জকসু নির্বাচনে প্যানেল ঘোষণা করল ‘তরুণ শিক্ষার্থী ঐক্য’

জবি প্রতিনিধি

১৮ নভেম্বর ২০২৫, ০৫:১৫ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের (২০ ব্যাচ) সর্বকনিষ্ঠ শিক্ষার্থীরা ‘তরুণ শিক্ষার্থী ঐক্য’ প্যানেল ঘোষণা করেছে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) বিকেল ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ের ভাষা শহিদ রফিক ভবনের নিচতলায় প্যানেল ঘোষণা করেন ওই ব্যাচের শিক্ষার্থীরা।

প্যানেলে সহসভাপতি (ভিপি) পদে পরিসংখ্যান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের তাওসিন ইসলাম, সাধারণ সম্পাদক (জিএস) পদে একই শিক্ষাবর্ষের ইংরেজি বিভাগের শিক্ষার্থী খন্দকার সালিল আলম আরাফ এবং সহসাধারণ সম্পাদক (এজিএস) পদে শাহরিয়ার রহমান আবির নির্বাচন করবেন।

১১ সদস্যবিশিষ্ট এ প্যানেলে বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে মো. আশিফুল আকাশ, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক শুভ্রা মন্ডল, ক্রীড়া সম্পাদক আবদুল্লাহ সালেহ চৌধুরি, সমাজসেবা ও শিক্ষার্থীকল্যাণ সম্পাদক পদে আকরামুজ্জামান মনোনীত হয়েছেন।

এছাড়াও নির্বাহী সদস্য পদে লড়বেন—রাকিবুল হাসান, পাতেল আনাম, সাদমান সাফিন, মুশফিকুর রহমান।